দৈনিক সংবাদ

তারিখ ... 09 JAN 1991
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সিন্ডিকেটে দু'জন অধ্যক্ষ নির্বাচিত

ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর ধারা ২৩(১)(সি) অনুযায়ী একাডেমিক পরিষদ কর্তৃক দু'জন কলেজ অধ্যক্ষকে সিন্ডিকেটে মনোনয়নদানের জন্য গতকাল মঙ্গলবার একাডেমিক পরিষদের সভায় এক নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে অধ্যক্ষ, সরকারী জগন্নাথ কলেজ ৮০ ভোট পেয়ে এবং অধ্যক্ষ, টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা ৭৮ ভোট পেয়ে নির্বাচিত হন। নির্বাচনে অন্য দু'জন প্রার্থী অধ্যক্ষ সরকারী ব্রজমোহন কলেজ, বরিশাল এবং অধ্যক্ষ, ডঃ আলীম-আল রাজী আইন কলেজ, ঢাকা প্রত্যেকে ৫৮ ভোট করে পান। খবর সংবাদ বিজ্ঞপ্তির।